

কোন বয়স থেকে আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুকে
টয়লেট ব্যবহার করা শেখানো শুরু করবো?



কোন বয়স থেকে আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুকে টয়লেট ব্যবহার করা শেখানো শুরু করবো?

যখন থেকে আপনার শিশু মূত্রাশয় ও দেহের অভ্যন্তরের অঙ্গসমূহ নিয়ন্ত্রণ করতে শিখবে তখন আপনার শিশুকে টয়লেট ব্যবহার করানো শুরু করুন।

আপনার শিশু যদি দিনের একটি দীর্ঘ সময় টয়লেট না করে থাকে এবং তার টয়লেট করার নির্দিষ্ট সময় বা নিয়ম থাকে তবে আপনার শিশু মাথা ও শরীরের ভারসাম্য নিয়ন্ত্রণ করে পটে বসে টয়লেট করতে পারবে।



কোন বয়স থেকে আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুকে টয়লেট ব্যবহার করা শেখানো শুরু করবো?

যদি আপনার শিশু তার ভেজা ন্যাপকিন বা পরিধেয়তে অস্বস্তিবোধ করে এবং তা প্রকাশ করে তাহলে সে শিশুকে প্রক্ষালনের জন্য 'টয়লেট' ব্যবহার করা শুরু করাতে হবে।




যখন আপনি আপনার শিশুকে টয়লেট ব্যবহার শেখাবেন তখন তাকে টয়লেট সংক্রান্ত বিভিন্ন কথা বারবার বলুন। পদ্ধতি ও কৌশল সম্পর্কে জানান।



কোন বয়স থেকে আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুকে টয়লেট ব্যবহার করা শেখানো শুরু করবো?

তার যখন প্রক্ষালনের প্রয়োজন হবে তার ঠিক আগে আগে শিশুকে টয়লেট নিয়ে
যাওয়ার চেষ্টা করুন। টয়লেটে নিয়ে যাওয়ার পূর্বে সব সময়ই তাকে 'টয়লেট' শব্দটি
বলুন এবং 'টয়লেট' দেখান। দিনের বেলা কখনোই শিশুকে ডায়াপার পরিয়ে
রাখবেন না।



কোন বয়স থেকে আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুকে টয়লেট ব্যবহার করা শেখানো শুরু করবো?

যদি শিশুর টয়লেট করার জন্য 'পটি চেয়ার' ব্যবহার করে থাকেন তবে অবশ্যই তা
বাথরুমে রাখুন। টয়লেট করার সময় তার সাথে আপনিও বাথরুমে অবস্থান করুন
এবং কোন ঝামেলা ছাড়াই 'টয়লেট' করলে তার প্রশংসা করুন।



কোন বয়স থেকে আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুকে টয়লেট ব্যবহার করা শেখানো শুরু করবো?

বাথরুমে যাওয়ায় পরও যদি শিশু তার কাপড়ে বা বাথরুমে টয়লেট করে ফেলে তবে তার জন্য তাকে বকাঝকা করবেন না। তাকে বাথরুম থেকে বের করে নিয়ে আসুন ও নির্দিষ্ট ইশারা দিয়ে বোঝান যে সে তার কাপড় ভিজিয়ে ফেলেছে এবং তার ভেজা কাপড় পাল্টে দিন।



কোন বয়স থেকে আমার শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুকে টয়লেট ব্যবহার করা শেখানো শুরু করবো?

শিশু দিনের মধ্যে কত বার ও
কত সময় পরপর টয়লেট
করছে সেটি পর্যবেক্ষণ করুন
এবং কমপক্ষে ৭দিনের
তালিকা তৈরি করুন।

শিশুকে টয়লেট করানোর
জন্য সব সময় একটি নির্দিষ্ট
বাথরুমে নিয়ে যান।

